

A-14/EVEN/BNGH-201/001

২০১৪

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পর্ব, ২০১৪

বাংলা (সাম্মানিক)

(দ্বিতীয় ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-201

(বাংলা সাম্মাজিক ও সাংস্কৃতিক ইতিহাস)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

সব প্রশ্নের উত্তর দিতে হবে

১। (ক) প্রাচীন বাংলায় 'ভুক্তি' বলতে কি বোঝানো হত? 'ভুক্তি'র প্রধান রাজকর্মচারীর নাম কি ছিল? তাকে কি কি কাজ করতে হত? প্রাচীন বাংলার রাষ্ট্রশাসন-প্রণালীর পরিচয় দাও। $১+১+২+১০=১৪$

অথবা

(খ) গুপ্ত সম্রাটদের পূর্বে বঙ্গদেশে কোন্ কোন্ ধর্মমতের আধিপত্য ছিল? গুপ্ত সম্রাটেরা কোন্ ধর্মমতের অনুসারী ছিলেন? পাল রাজারা কোন্ ধর্মমত আশ্রয় করেছিলেন? প্রাচীন বাংলার ধর্মীয় সহাবস্থান সম্পর্কে আলোচনা করো। $২+১+১+১০=১৪$

২। (ক) মঙ্গলকাব্য কাকে বলে? মঙ্গলকাব্যের সাধারণ লক্ষণগুলো কি? মঙ্গলকাব্যে বাঙালির লোকজীবনের যে পরিচয় ফুটে উঠেছে তা সংক্ষেপে বিবৃত করো। $২+২+১০=১৪$

অথবা

(খ) কত খ্রীষ্টাব্দে বাংলায় তুর্কি আক্রমণ সংঘটিত হয়? তুর্কি সেনাপতির নাম কি ছিল? তখন বাংলাদেশের রাজা কে ছিলেন? বাংলার জনজীবন ও সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

$১+১+১+১১=১৪$

৩। (ক) ডিরোজিও কবে জন্মগ্রহণ করেন? তাঁর পুরো নাম কি ছিল? ডিরোজিও কোন্ শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকতায় নিযুক্ত ছিলেন? উনিশ শতকের সমাজজীবনে ডিরোজিওর প্রভাব সম্বন্ধে যা জান লেখো।

$১+১+১+১১=১৪$

অথবা

(খ) 'বেঙ্গল লেডীস্ সোসাইটি' কারা স্থাপন করেন? এই সোসাইটি স্থাপনের উদ্দেশ্য কি ছিল? সাম্প্রদায়িক ধর্মশিক্ষার সঙ্গে সম্পর্করহিত বালিকা বিদ্যালয় সর্বপ্রথম কে প্রতিষ্ঠা করেন? বঙ্গদেশে স্ত্রীশিক্ষা প্রসারের প্রথম পর্বের ইতিহাস বিবৃত করো। $১+২+১+১০=১৪$

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো দুটি) :

$৪ \times ২ = ৮$

(ক) সেকশুভোদয়া

(খ) ধোয়ী

(গ) হুসেন শাহ

(ঘ) বাউল গান

(ঙ) লোকশ্রুতি

(চ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
